রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৮, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৪ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৭ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং-১৬/২০২৬

## Civil Courts Act, 1887 অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু বিচারপ্রার্থীদের মধ্যে দেওয়ানী আদালতের নাম ও এখতিয়ার সংক্রান্ত বিভ্রান্তি দূর করা এবং প্রশাসনিক কাজের সুবিধার্থে বিচার বিভাগ সংস্কার কমিশনের সুপারিশের আলোকে Civil Courts Act, 1887 (Act No. XII of 1887) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু 'জজ' একটি জেনেরিক শব্দ হওয়া সত্ত্বেও উহার সহিত 'সহকারী' শব্দটি যুক্ত থাকায় বিভ্রান্তি ও ভাষাগত অসঙ্গতি বিদ্যমান এবং দেওয়ানি বা সিভিল আদালত হওয়া সত্ত্বেও নামের সাথে 'সিভিল' শব্দটি না থাকা এবং 'সহকারী' শব্দটি থাকায় আদালতের স্বাধীনতা ও এখতিয়ার বিষয়ে বিচারপ্রার্থী ও জনমনে অস্পষ্টতা তৈরি করে;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Civil Courts (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা ০২ নভেম্বর, ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। **Act No. XII of 1887 এর section 3 এর সংশোধন।**—Civil Courts Act, 1887 (Act No. XII of 1887), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 এর clause (d) ও clause (e) এ উল্লিখিত "Assistant" শব্দটির পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **Act No. XII of 1887 এর section 4 এর সংশোধন।**—উক্ত Act এর section 4 এ সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দটির পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।



মূল্য : টাকা ৪.০০

৪। **Act No. XII of 1887 এর section 13 এর সংশোধন।**—উক্ত Act এর section 13 এর sub-section (2), sub-section (3) ও sub-section (4) এর সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দের পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. XII of 1887 এর section 19 এর সংশোধন।**—উক্ত Act এর section 19 এর sub-section (1) ও sub-section (2) এর সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দের পরিবর্তে "Civil" শব্দটি এবং "an Assistant" শব্দগুলির পরিবর্তে "a Civil" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. XII of 1887 এর section 21 এর সংশোধন।**—উক্ত Act এর section 21 এর sub-section (2) ও sub-section (4) এ উল্লিখিত "Assistant" শব্দের পরিবর্তে "Civil" শব্দটি এবং "an Assistant" শব্দগুলির পরিবর্তে "a Civil" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **Act No. XII of 1887 এর section 22 এর সংশোধন।**—উক্ত Act এর section 22 এর sub-section (1) এর সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দের পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। **Act No. XII of 1887 এর section 23 এর সংশোধন।**—উক্ত Act এর section 23 এর sub-section (1) ও sub-section (3) এ উল্লিখিত "Assistant" শব্দটির পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৯। **Act No. XII of 1887 এর section 24 এর সংশোধন।**—উক্ত Act এর section 24 এর sub-section (1) ও sub-section (2) এর সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দটির পরিবর্তে "Civil" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১০। **Act No. XII of 1887 এর section 25 এর সংশোধন।**—উক্ত Act এর section 25 এর সর্বত্র উল্লিখিত "Assistant" শব্দের পরিবর্তে "Civil" শব্দটি এবং "an Assistant" শব্দগুলির পরিবর্তে "a Civil" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১১। **Act No. XII of 1887 এর section 25A এর প্রতিস্থাপন।**—উক্ত Act এর section 25A এর পরিবর্তে নিম্নরূপ section 25A প্রতিস্থাপিত হইবে, যথা:-

> "**25A. Reference of Judges in other laws.**— Where in any other law for the time being in force, any reference is made to Additional Judge, or Subordinate Judge, or Senior Assistant Judge, or Assistant Judge, the reference shall be construed respectively as to Additional District Judge, or Joint District Judge, or Senior Civil Judge or Civil Judge as the case may be."।

১২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Civil Courts (Amendment) Ordinance, 2025 (২০২৫ সনের ৫৫ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা বা সূচিত কোনো কার্যধারা এই আইনের অধীন কৃত, গৃহীত বা সূচিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি**

দেশের বিচারপ্রার্থী জনগণের নিকট দেওয়ানি আদালতের নাম ও এখতিয়ার সংক্রান্ত দীর্ঘদিনের বিভ্রান্তি দূর করা এবং প্রশাসনিক কাজের অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করা একান্ত আবশ্যক। বিচার বিভাগ সংস্কার কমিশনের সুপারিশের আলোকে ইতিমধ্যে Civil Courts Act, 1887 সংশোধনক্রমে Civil Courts (Amendment) Ordinance, 2025 জারি করা হয়েছে। মূলত আদালতের নামের সাথে 'সহকারী' শব্দটির ব্যবহার বিচারিক স্বাধীনতা ও এখতিয়ার বিষয়ে জনমনে যে ভাষাগত অসঙ্গতি ও অস্পষ্টতা তৈরি করে, তা নিরসনকল্পে উক্ত অধ্যাদেশটি একটি স্থায়ী আইনে রূপান্তর করা প্রয়োজন।

উল্লেখ্য যে, পার্শ্ববর্তী দেশ ভারত ও পাকিস্তানেও দেওয়ানি আদালতের বিচারকদের পদবিতে 'সহকারী' শব্দটির পরিবর্তে 'সিভিল জজ' (Civil Judge) ও 'সিনিয়র সিভিল জজ' (Senior Civil Judge) ব্যবহৃত হয়। আধুনিক বিচার ব্যবস্থায় 'জজ' একটি জেনেরিক শব্দ এবং পৃথিবীর কোনো উন্নত বিচারিক কাঠামোতে বিচারক বা আদালতের পদবিতে 'সহকারী' (Assistant) শব্দটির ব্যবহার দেখা যায় না। বিচারপ্রার্থী ও জনমনে আদালতের স্বাধীনতা ও প্রকৃত এখতিয়ার নিয়ে তৈরি হওয়া বিভ্রান্তি দূর করতেই নামের ক্ষেত্রে 'সহকারী' শব্দটি বাদ দিয়ে 'সিভিল' শব্দটি যুক্ত করার প্রস্তাব করা হয়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, প্রস্তাবিত আইনে 'সহকারী জজ আদালত'-এর স্থলে 'সিভিল জজ আদালত' এবং 'সিনিয়র সহকারী জজ আদালত'-এর নাম পরিবর্তন করে 'সিনিয়র সিভিল জজ আদালত' করার লক্ষ্যে Civil Courts Act, 1887-এর বিভিন্ন ধারায় উল্লিখিত "Assistant Judge" এর পরিবর্তে "Civil Judge" এবং "Senior Assistant Judge" এর পরিবর্তে "Senior Civil Judge" শব্দসমূহ প্রতিস্থাপন করা হয়েছে।

মূলত বিচার বিভাগের আধুনিকায়ন এবং আদালতের নামকরণকে বৈশ্বিক রীতির সাথে সামঞ্জস্যপূর্ণ ও মর্যাদাপূর্ণ করার লক্ষ্যেই Civil Courts (Amendment) Act, 2026 প্রণয়ন করা আবশ্যক।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd